ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.ভর্তি/২০১৮/ ০০০৬৭২ তারিখ ঃ ২৫ মে ২০২৩ খ্রি;

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা ভর্তির যোগ্যতার নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে বর্ণিত তফসিল অনুযায়ী সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে।

### ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যবলী

১। ফাজিল (স্নাতক) পাস শ্রেণীতে ভর্তির যোগ্যতা ঃ
২০২১/২০২২ সনে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন (২০২১ সালে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবিরতি ফি' দিতে হবে)।

২। ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত প্রতিটি মাদরাসার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | আহবায়ক |
| ২ | একজন শিক্ষক প্রতিনিধি<br>(গভর্নিং বডি/এডহক কমিটির সদস্য, তবে সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন শিক্ষক) | সদস্য |
| ৩ | ফাজিল পর্যায়ের একজন শিক্ষক (প্রভাষক/ সহকারী অধ্যাপক, অধ্যক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |

৩। ভর্তি ও ফি' জমা দেয়ার তারিখ ঃ
(ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি ২৯/০৫/২০২৩ খ্রি. তারিখ হতে ০৩/০৯/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।
(খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' Payslip এর মাধ্যমে জমা দেয়ার শেষ তারিখ- ০৪/০৯/২০২৩ খ্রি.তারিখ হতে ০৫/০৯/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত।
(গ) বিলম্ব ফি' সহ ভর্তি ০৪/০৯/২০২৩ খ্রি. তারিখ হতে ১৭/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।
(ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' Payslip এর মাধ্যমে জমা দেয়ার শেষ তারিখ- ১৮/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।

৪। ফাজিল (স্নাতক) পাস শ্রেণির রেজিস্ট্রেশন ফি' সহ অন্যান্য ফি' এর হার ও ফি জমা দেয়ার নিয়মাবলী ঃ

**বিলম্ব ফি' ছাড়া**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি. ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল (স্নাতক) পাস | ৫০/- | ২৫০/- | ২৫০/- | ৫০/- | ২৫/- | ১৫০/- |

**বিলম্ব ফি' সহ**

| শ্রেণী | আবেদন ফরম ফি' | ভর্তি ফি' | রেজিঃ ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস ফি'/ বি.এন.সি.সি. ফি' | শিক্ষা বিরতি ফি' |
|---|---|---|---|---|---|---|
| ফাজিল (স্নাতক) পাস | ৫০/- | ৪০০/- | ৩৫০/- | ৫০/- | ২৫/- | ১৫০/- |

ভর্তি ফি', বিলম্ব ভর্তি ফি', ক্রীড়া ফি' ও শিক্ষা বিরতি ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি'
(ক) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' ছাড়া ৪৭৫/- টাকা,
(খ) বিলম্ব ফি' ছাড়া ও শিক্ষা বিরতি ফি' সহ ৫৫০/- টাকা,
(গ) বিলম্ব ফি' সহ ও শিক্ষা বিরতি ফি' ছাড়া ৬৫০/- টাকা,
(ঘ) বিলম্ব ফি' ও শিক্ষা বিরতি ফি' সহ ৭২৫/- হারে প্রতি ছাত্র-ছাত্রী হতে আদায় পূর্বক নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে "অগ্রণী ব্যাংক লিঃ" এর যে কোন শাখায় অনলাইন পে স্লিপ ডাউনলোড পূর্বক জমা দেয়া যাবে।

(ঙ) ফি-জমা দেয়ার নিয়মাবলী ঃ

প্রথম ধাপ : iau.edu.bd/Payment তে প্রবেশ করুন।

দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।

তৃতীয় ধাপ : Admission & Registration Fee তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক Save এ ক্লিক করুন।

চতুর্থ ধাপ : Payslip Download করে ব্যাংকে টাকা জমা দিন। (Payslip Download করতে কোন সমস্যা হলে জনাব মোঃ ফয়সাল আহমেদ, সেকশন অফিসার এর সাথে ০২-২২৩৩২৬৭২৫ নাম্বারে যোগাযোগ করুন)

৫। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন এবং বিশ্ববিদ্যালয়ে eSIF তালিকা প্রেরণের সময়সূচীঃ

২০২২-২০২৩ ইং শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস শ্রেণীতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন ১৯/১০/২০২৩ খ্রি. থেকে ২২/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করে ২৩/১১/২০২৩ খ্রি. থেকে ০৫/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে Final submit দিতে হবে (অনলাইন রেজিস্ট্রেশন চলাকালীন সময় Final submit অপশন দেয়া থাকবে না)। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে অনলাইন Payslip এর মূল কপি ও ২ কপি esif লিস্টসহ আনুষাঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বছিলাস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৬। সাধারণ শর্তাবলীঃ

(ক) প্রাথমিক পাঠদানের অনুমতিবিহীন অথবা অধিভূক্তি বাতিলকৃত মাদরাসাসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

(খ) আলিম/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্র ও মাদরাসা প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্রের মূল কপি সংরক্ষণ না করে কোনক্রমেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

(গ) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকের সম্মতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ভর্তি ফরমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে এ মর্মে একটি অঙ্গীকারনামা দিতে হবে যে, আমি ভালভাবে বুঝে শুনেই এ মাদরাসায় ভর্তি হতে ইচ্ছুক। ভর্তি হওয়ার পর কোন অবস্থাতেই এ মাদরাসা পরিবর্তন করে অন্য কোন মাদরাসায় ভর্তির জন্য আবেদন করবো না।

(ঘ) সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ঙ) যে সকল শিক্ষার্থীর শিক্ষা বিরতি আছে ও যারা বিলম্বে ভর্তি হয়েছে তাদের নাম eSIF লিস্টে লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে।

(চ) ছাত্র ও ছাত্রীর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করতে হবে।

(ছ) প্রাথমিক পাঠদানের নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে অনুমতিপত্রের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি তালিকার সাথে সংযুক্ত করতে হবে।

(জ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস শ্রেণীতে ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের প্রত্যেকের সদ্য উঠানো পাসপোর্ট সাইজের ২(দুই) কপি (টুপি/ওড়না পরিহিত রঙিন) ছবি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে মাদরাসায় সংরক্ষণ করতে হবে।

(ঝ) ছাত্র-ছাত্রীদের সকল তথ্য দাখিল/সমমান পরীক্ষার অনুরূপ হতে হবে।

(ঞ) উল্লেখ্য, অনলাইন রেজিস্ট্রেশনের সময় ঝাপসা বা অন্য কোন ছবি দেয়া যাবে না ও নির্ধারিত তারিখের পর কোন শিক্ষার্থী অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।

৭। ক্লাস শুরুর তারিখ:

২০২২-২৩ শিক্ষাবর্ষের ফাজিল (স্নাতক) পাস শ্রেণীতে ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১৮/১০/২০২৩খ্রি. তারিখ হতে শুরু হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

প্রয়োজনে যোগাযোগের জন্য
০১৭১৯-৫০৭১২৩ ( একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ ( আই.সি.টি শাখা)

25.05.2023

ড. মোহাম্মদ কামরুল ইসলাম
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
E-mail : iau.registr@gmail.com